

বিকেএসপিতে নবাগত শিক্ষকদের টিচার্স ট্রেনিং কোর্সের সফল সমাপ্তি



গত ০৩-১৩ এপ্রিল বিকেএসপির কলেজ শাখায় অনুষ্ঠিত হলো টিচার্স ট্রেনিং কোর্স-২০২২। মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ.কে.এম মাজহারুল হক, এএফডব্লিউসি, পিএসসি, এলএসসি, এমফিল কোর্সের উদ্বোধন করেন। বিকেএসপিতে সদ্য নিয়োগপ্রাপ্ত ২৭ জন নবাগত প্রভাষক অংশগ্রহণ করেন। কোর্সে নবাগত শিক্ষকদের বিকেএসপি সম্পর্কে সাম্যিক ধারণা, চাকুরীর বিধি-বিধান, শিক্ষাদান পদ্ধতি, সিলেবাস প্রণয়ন, আধুনিক পাঠদান পদ্ধতিতে মাল্টি মিডিয়ায় ব্যবহার, সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও নিরীক্ষণ এবং ছাত্রশিক্ষক সম্পর্ক নিয়ে আলোচনা করা হয়। কোর্স মূল্যায়ন শেষে আইসিটির প্রভাষক মীর পারভেজ ১ম, আবু সাঈদ, প্রভাষক, গনিত ২য় এবং মোহাম্মদ আলী প্রভাষক, ইংরেজি ৩য় স্থান লাভ করেন। কোর্সের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ক্রীড়া কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. ইকবাল হোসেন।